গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ১৭৩-আয়কর/২০০২, তাং ০৩-০৭-২০০২ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ১৭৮-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার যে সকল করদাতা মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক তাহাদের মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানা জনিত অনুমিত আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

(১) উক্ত করদাতাকে তাহার মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

	প্রদেয় আয়কর
(ক) ১০০০ সিসি পর্যন্ত প্রতিটি গাড়ীর জন্য	টাকা ২,০০০.০০
(খ) ১৬০০ সিসি পর্যন্ত প্রতিটি গাড়ীর জন্য	টাকা ৩,০০০.০০
(গ) ১৬০০ সিসি এর উপরে প্রতিটি গাড়ীর জন্য	টাকা ৪,০০০.০০
(ঘ) ২৫০০ সিসি এর নিচে প্রতিটি জীপের জন্য	টাকা ৪,০০০.০০
(ঙ) ২৫০০ সিসি এর উপরে প্রতিটি জীপের জন্য	টাকা ৬,০০০.০০
(চ) প্রতিটি মাইক্রোবাসের জন্য;	টাকা ৪,০০০.০০

(২) উক্ত করদাতা যে মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক উহার ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে তাহাকে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৩) ২০০০ সিসি এর উপরে মোটর কার এবং ৩০০০ সিসি এর উপরে জীপের ক্ষেত্রে সংশ্লিষ্ট মোটর কার বা জীপের ক্রয় মূল্যের পাঁচ শতাংশ অথবা ৫০,০০০.০০ টাকা - এই দুইটির মধ্যে যাহা বেশী তাহা শুধুমাত্র উক্ত মোটর কার বা জীপ রেজিস্ট্রেশনের সময় বিনিয়োগের উপর আয়কর হিসাবে পরিশোধ করা হইলে সংশ্লিষ্ট মোটর কার বা জীপের বিনিয়োগ করমুক্ত বলিয়া বিবেচিত হইবে;

(৪) দফা (১) ও (৩) এর অধীনে প্রদেয় আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয়, সেই শাখায় কোম্পানী করদাতার ক্ষেত্রে "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ" খাতে এবং কোম্পানী ব্যতীত অন্য করদাতার ক্ষেত্রে "১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা করিতে হইবে;

Md Sajid Hossain Shimanto · Contact: smartaccountantbd.com

Scanned with CamScanner

(৫) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান উপস্থাপন না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ফিটনেস নবায়ন করিবে না।

০২। এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভূক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

০৩। এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত আয়কর করদাতার মোট আয়ের উপর প্রদেয় আয়করের সহিত সমন্বয় করা যাইবে।

০৪। সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিদেশী দূতাবাস ও মিশনের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ১৮০ *নং পৃষ্ঠায় দেখুন।*

S.R.O. No. 178/1999 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

2 / 2